

## প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ১০ জুলাই ২০২৩

**বিষয়ঃ বাংলাদেশসহ চারটি দেশের কর্মীদের সেবা, শ্রম ও অবদানের আনুষ্ঠানিক স্বীকৃতি এবং বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং-এর সহযোগিতার জন্য হংকং-এর লেবার ডিপার্টমেন্ট কর্তৃক প্রশংসাপত্র প্রদান**

গৃহশ্রমের অবদানকে আনুষ্ঠানিক স্বীকৃতি দানপূর্বক নিয়োগকর্তা ও গৃহকর্মীর মধ্যে সু-সম্পর্ক এবং বন্ধুত্বপূর্ণ কর্মপরিবেশকে উৎসাহিত করতে হংকং বিশেষ প্রশাসনিক অঞ্চলের লেবার ডিপার্টমেন্ট কর্তৃক গত ৯ জুলাই ২০২৩ তারিখে আয়োজন করা হয় “Thankful week for Families with Foreign Domestic Helpers”। অনুষ্ঠানে হংকং-এর সেক্রেটারি ফর লেবার এন্ড ওয়েলফেয়ার মিঃ ক্রিস সান, কমিশনার ফর লেবার মিজ মে চ্যানসহ বাংলাদেশের কনসাল জেনারেল মিজ ইসরাত আরা, প্রথম সচিব (শ্রম) জনাব জাহিদুর রহমান সহ ফিলিপাইন, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড-এই চারটি দেশের কনসাল জেনারেল/কনসাল (শ্রম), কয়েকজন নিয়োগকর্তা ও গৃহকর্মী উপস্থিত ছিলেন। বাংলাদেশসহ এসব দেশের কর্মীদের সেবা, শ্রম ও অবদানের আনুষ্ঠানিক স্বীকৃতি জানানোর পাশাপাশি বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকংসহ চার দেশের কনস্যুলেটকে তাদের সহযোগিতার জন্য বিশেষ প্রশংসাপত্র (Certificate of Appreciation) প্রদান করা হয়।

লেবার ডিপার্টমেন্ট কর্তৃক গত মে ২০২৩ থেকে আয়োজিত এই কার্যক্রমের বিশেষ আকর্ষণীয় অংশ ছিলো নিয়োগকর্তা ও গৃহকর্মী কর্তৃক পরস্পর পরস্পরকে ধন্যবাদ জ্ঞাপনের ভিডিও ধারণপূর্বক সেই ধারণকৃত ভিডিও লেবার ডিপার্টমেন্টে প্রেরণ করা এবং বাছাইকৃত ভিডিও প্রেরণকারী অর্থাৎ নিয়োগকর্তা ও কর্মীর অনুকূলে হংকং-এর ঐতিহ্যবাহী বিনোদনকেন্দ্র (Ocean Park)-এর বিনামূল্যে টিকিট প্রদান করা। ১৬০০ এর অধিক ধারণকৃত ভিডিওর মধ্যে কয়েকটি অনুষ্ঠানে প্রদর্শন করা হয় যা দর্শকদের আবেগাপ্লুত করে। অনুষ্ঠানে আমন্ত্রিত কয়েকজন নিয়োগকর্তা ও গৃহকর্মী তুলে ধরেন যে গৃহকর্মী হিসেবে নয়, বরং পরিবারের একজন সদস্য হিসেবে তারা বিভিন্ন সুবিধা ও সম্মান প্রাপ্ত হয়েছেন।

উল্লেখ্য, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, বাংলাদেশ, থাইল্যান্ডসহ কয়েকটি দেশের প্রায় সাড়ে তিন লক্ষ গৃহকর্মী বর্তমানে হংকং-এ কর্মরত রয়েছে। হংকং-এ কর্মরত বাংলাদেশি নারী গৃহকর্মীগণও অত্যন্ত সুনামের সাথে এবং নিয়োগকর্তার সাথে সুসম্পর্ক বজায় রেখে কাজ করে আসছে। বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং থেকে তাদের সব ধরনের সহযোগিতা প্রদান করা হচ্ছে। বাংলাদেশি নারীকর্মীদের এই আয়োজনে অংশগ্রহণে উৎসাহিত করা এবং নিয়োগকর্তার সাথে সুসম্পর্ক বজায় রেখে কাজ করার ক্ষেত্রে কর্মীদের সকল ধরনের পরামর্শ ও সহযোগিতার জন্য বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং-কে বিশেষ প্রশংসাপত্র প্রদান করা হয়।

সনদ গ্রহণ শেষে কনসাল জেনারেল এবং প্রথম সচিব (শ্রম), সেক্রেটারি ফর লেবার এন্ড ওয়েলফেয়ার এর সাথে সাক্ষাতে বাংলাদেশি নারী কর্মীদের সুনাম, সক্ষমতা ও দক্ষতার বিষয়টি তুলে ধরে হংকং-এ বাংলাদেশি কর্মীদের শ্রমবাজার সম্প্রসারণ এবং নারী কর্মীদের অভিবাসন ব্যয় কমানোর ক্ষেত্রে হংকং সরকারের প্রণীত কর্মসংস্থান চুক্তির সঠিক বাস্তবায়ন নিশ্চিত করার অনুরোধসহ কর্মীদের সুবিধা ও অসুবিধার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

-----

